



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৬/১২/২০২০

পাবিপ্রবিতে মহান বিজয় দিবস পালন

(১৬/১২/২০২০): আজ বুধবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালন করা হয়। দিবসটি উপলক্ষে সকাল ১০.৩০ টায় করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ ও অতিরিক্ত রেজিস্ট্রার বিজয় কুমার ব্রহ্ম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ও স্বাধীনতা চত্বরে ফুল দিয়ে মহান শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন।



মহান বিজয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ সময় আরও শ্রদ্ধাজ্ঞাপন করেন বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী সমিতি, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, পরিবহন পুল, ব্যবসায় প্রশাসন বিভাগ, পদার্থবিজ্ঞান বিভাগ, গণিত বিভাগ, রসায়ন পরিবার, অর্থনীতি বিভাগ, বাংলা বিভাগ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, সমাজকর্ম বিভাগ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ইইসিই বিভাগ, ইংরেজি বিভাগ, লোক প্রশাসন বিভাগ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ ও রোভার স্কাউট গ্রুপসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

শ্রদ্ধাজ্ঞাপন শেষে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী বিশ্ববিদ্যালয়ের দাপ্তরিক কাজে ঢাকায় অবস্থান করায় তার পক্ষ থেকে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের মহান বিজয় দিবসের শুভেচ্ছা প্রদান করেন এবং মহান মুক্তিযুদ্ধ ও জাতির পিতার চেতনাকে ধারণ করে বাংলাদেশ তথা পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে অব্যাহত রাখার জন্য আহবান জানান।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

এ সময় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ তাঁর বক্তব্যে বলেন, বঙ্গবন্ধু আমাদের জন্য একটি দেশ, পতাকা ও বিশ্বের বুকে একটি মানচিত্র দিয়েছেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা বর্তমান প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ উন্নয়ন ও অগ্রগতির পথে এগিয়ে যাচ্ছে। এ অগ্রযাত্রাকে আমাদের ধরে রাখতে হবে এবং ঐক্যবদ্ধভাবে সকল কর্মকাণ্ডে তাঁকে সহযোগিতা করতে হবে।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মাহমুদ চৌধুরী আসিফ বলেন, জাতির পিতার অবমাননাকারীরা দেশের শত্রু ও আমাদের স্বাধীনতার শত্রু। এদের বিরুদ্ধে আমাদের সোচ্চার থাকতে হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানগণ, হলের প্রভোস্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, পরিবহন প্রশাসক, গেস্টহাউজ প্রশাসক, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্রলীগ নেতৃবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ হাবিবুল্লাহ। শহীদদের আত্মার মাগফেরাত কামনায় এক মিনিট নিরবতা পালন ও দোয়ার মাধ্যমে অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল: ০১৯১৩৩৭৬৯২৫